ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আন্তঃবিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোহাম্মদ এজাজ, প্রশাসক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : ২৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ ।। ০৭ জানুয়ারি ২০২৬ |
| সময় | : বেলা ১১:০০ ঘটিকা। |
| স্থান | : হল রুম ৬ষ্ঠ তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২। |

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট **"ক"**

সভার শুরুতে সভাপতি কর্তৃক ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণসহ অন্যান্য কর্মকর্তাগণকে স্বাগত জানানো হয়। অতঃপর ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন নাগরিকদের সেবা প্রদান আরো গতিশীল ও সন্তোষজনক পর্যায়ে নিতে সভাপতি কর্তৃক সকলের দৃষ্টি আকর্ষণ করা হয় এবং কর্মপরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়ন করতে হবে মর্মে সভায় জানানো হয়। ঢাকাকে বাসযোগ্য করতে শ্রম ও মেধা খাটিয়ে নিরলসভাবে কাজ করতে হবে মর্মে সভায় অবগত করানো হয়। সে প্রেক্ষিতে সবার সুচিন্তিত মতামত তুলে ধরার আহ্বান জানানো হয়।

সভায় ডিএনসিসির সার্বিক কার্যক্রমকে আরও গতিশীল, স্বচ্ছ ও নাগরিকবান্ধব করার লক্ষ্যে কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সর্বপ্রথম **ডিএনসিসির কার্যক্রম অটোমেশন** প্রসঙ্গে বলা হয় যে, ডিজিটাল প্রযুক্তির যথাযথ ব্যবহার সেবা প্রদানের গতি বৃদ্ধি, প্রশাসনিক জটিলতা হ্রাস এবং স্বচ্ছতা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। অনলাইন আবেদন, ডেটাবেইস ব্যবস্থাপনা, ফাইল ট্র্যাকিং ও স্বয়ংক্রিয় রিপোর্টিং ব্যবস্থা চালুর মাধ্যমে নাগরিকদের ভোগান্তি কমবে এবং প্রতিষ্ঠানের দক্ষতা বহুগুণে বৃদ্ধি পাবে বলে সভায় অভিমত প্রকাশ করে।

পরবর্তীতে **নাগরিক পদক প্রদান** বিষয়ে আলোচনা করা হয়। নগর উন্নয়ন, মানবসেবা, শিক্ষা, সংস্কৃতি ও নাগরিক দায়িত্ব পালনে বিশেষ অবদান রাখার স্বীকৃতি হিসেবে নাগরিক পদক প্রদান একটি ইতিবাচক দৃষ্টান্ত স্থাপন করবে। এতে নাগরিকদের মধ্যে সামাজিক দায়বদ্ধতা, নৈতিকতা ও জনকল্যাণমূলক কাজে আগ্রহ বৃদ্ধি পাবে বলে সভায় একমত পোষণ করে। স্বচ্ছ নীতিমালা প্রণয়ন ও নিরপেক্ষ নির্বাচন প্রক্রিয়ার মাধ্যমে এই পদক প্রদান করার ওপর গুরুত্বারোপ করা হয়।

এরপর ডিএনসিসির আওতাধীন **কবরস্থানে জনবল বৃদ্ধি** প্রসঙ্গে আলোচনা হয়। ক্রমবর্ধমান জনসংখ্যা ও কবরস্থানের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিদ্যমান জনবল অপর্যাপ্ত বলে মত প্রকাশ করা হয়। ইমাম, জ্যেষ্ঠ মোহরার, মোহরার, পরিচ্ছন্নতাকর্মী ও নিরাপত্তা কর্মী নিয়োগের মাধ্যমে দাফন কার্যক্রম সহজতর করা, শৃঙ্খলা বজায় রাখা এবং সার্বিক ব্যবস্থাপনার মান উন্নয়ন সম্ভব হবে বলে সভা সিদ্ধান্তে পৌঁছায়।

সবশেষে **কবরস্থান পরিষ্কার–পরিচ্ছন্নতা** বিষয়ে গুরুত্বারোপ করা হয়। কবরস্থান একটি ধর্মীয় ও মানবিকভাবে সংবেদনশীল স্থান হওয়ায় এর পরিবেশ পরিচ্ছন্ন, সুশৃঙ্খল ও মর্যাদাপূর্ণ রাখা আবশ্যক। নিয়মিত পরিষ্কার–পরিচ্ছন্নতা, বর্জ্য ব্যবস্থাপনা, পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন এবং সবুজায়নের মাধ্যমে কবরস্থানের পরিবেশ উন্নত করার প্রয়োজনীয়তার উপর সভা একমত পোষণ করেন।

সভায় সকলের মতামতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-০১ | : | সভায় ডিএনসিসির বিভিন্ন বিভাগ/শাখার নিম্নবর্ণিত কার্যক্রম অটোমেশন এর আওতায় আনার লক্ষ্যে সহায়তা প্রদানের জন্য আইসিটি বিভাগে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(১) বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমে নিয়োজিত পরিচ্ছন্নতা কর্মীদের দৈনিক হাজিরা।<br><br>(২) সেকেন্ডারী ট্রান্সফার স্টেশন (এস.টি.এস) এর সার্বক্ষনিক নিরাপত্তার জন্য সিসি ক্যামেরা স্থাপন।<br><br>(৩) আইন বিভাগের মামলা সংক্রান্ত কার্যক্রমসমূহকে ডাটাবেজভিত্তিক Automation ব্যবস্থার আওতায় অন্তর্ভুক্তকরণ।<br><br>(৪) স্বাস্থ্য বিভাগের মশক নিয়ন্ত্রণ শাখায় কর্মরত সকল ডিএনসিসি এর স্থায়ী মশক কর্মীদের হাজিরা এবং বেতন ভাতাদি Automation ব্যবস্থার আওতায় অন্তর্ভুক্তকরণ।<br><br>৫) UNDP কর্তৃক পরিচালিত ডেঙ্গু Dash Board প্রকল্প সমাপ্তিতে ধারাবাহিকতা বজায় রাখার বিষয়টি Automation করা।<br><br>(৬) UNDP কর্তৃক পরিচালিত AI Based ChatBot এর প্রকল্প সমাপ্তিতে ধারাবাহিকতা বজায় রাখার বিষয়টি Automation করা।<br><br>(৭) আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসের আওতায় পরিচালিত সেবাসমূহ এবং হিসাব রক্ষণ বিষয়টি Automation করা।<br><br>(৮) Community Dog এর Vaccination এবং CNVR কার্যক্রম বিষয়টি Automation করা।<br><br>(৯) ভান্ডার ও ক্রয় ব্যবস্থাপনা Automation ব্যবস্থার আওতায় অন্তর্ভুক্তকরণ।<br><br>(১০) হিসাব বিভাগের পে-রোল, বিল প্রক্রিয়াকরণ, ব্যাংক ও ক্যাশ ম্যানেজমেন্ট, **বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ** ও অন্যান্য আনুষঙ্গিক বিষয়ে Automation ব্যবস্থার আওতায় অন্তর্ভুক্তকরণ।<br>(১১) HRM Automation ব্যবস্থার আওতায় অন্তর্ভুক্তকরণ। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>সংশ্লিষ্ট বিভাগ/শাখা,----------------------- ডিএনসিসি।<br>সিস্টেম এনালিস্ট,আইসিটি সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-০২ | : | সভায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনাধীন কবরস্থান গুলোর নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্ন রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-০৩ | : | সভায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোতে কবরস্থান গুলোর জনবল বিশেষ করে ইমাম, জ্যেষ্ঠ মোহরার, মোহরার পদে জনবল বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে সমাজ কল্যাণ বিভাগ প্রয়োজনীয় জনবলের চাহিদা প্রদান করবে এবং এ সংক্রান্ত কমিটি এবং সাচিবিক দপ্তর জনবল বৃদ্ধি সংক্রান্ত পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-০৪ | : | সভায় নাগরিক দায়িত্ববোধ, সামাজিক সম্পৃক্ততা ও নগর উন্নয়নে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ নগর উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ, সামাজিক সেবা এবং জনসচেতনতা বৃদ্ধিতে বিশেষ অবদান রাখা ব্যক্তি, প্রতিষ্ঠান ও সংগঠনসমূহকে নাগরিক পদক ২০২৫ প্রদানের পাশাপাশি ধারাবাহিকভাবে প্রতিবছর এ ধারা অব্যাহত রাখার জন্য নাগরিক পদক প্রদান সংক্রান্তে একটি নীতিমালা প্রণয়নের জন্য সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>সংশ্লিষ্ট বিভাগ/ শাখা---------------------------------- ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

19/1/26

মোহাম্মদ এজাজ
প্রশাসক
ও
সভাপতি
আন্তঃবিভাগীয় সমন্বয় সভা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৫.২০-৭২

তারিখ: ০৫ মাঘ ১৪৩২ / ১৯ জানুয়ারি ২০২৬

বিতরণ কার্যার্থে:............................................

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।++
৩. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভার কার্যবিবরণীটি (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. সহকারী সচিব, সংস্থাপন-১ ও ২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. অফিস কপি।